বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৩২২

**দপ্তরাদেশ**

জাতীয় পর্যায়ে টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনা, জলাবদ্ধতা নিরসন, জলাধার সংরক্ষণ, নদী-খাল পুনরুদ্ধার এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলার লক্ষ্যে গৃহীত **'দেশব্যাপী নদী-খাল-জলাধার খনন ও পুনঃখনন'** কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে বাপাউবো'র দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম- এর অধীনে খাল খনন/পুনঃখনন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বাপাউবো'র নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি জোনাল কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রম নং | কর্মকর্তাগণের নাম ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| **১।** | **তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল ৪, বাপাউবো, ঢাকা।** | **আহবায়ক** |
| ২। | জনাব মোঃ আহসান হাবীব, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল ৪, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব উম্মে সালমা, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল ৪, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব এম. মাহমুদুল হাসান, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব শাহনাজ আক্তার, পরিচালক (অর্থঃ মূল্যায়ন), অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জনাব শাফাত হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), অতিঃ প্রধান প্রকৌশলী, দক্ষিন-পূর্বাঞ্চল এর দপ্তর, চট্টগ্রাম। | সদস্য |
| **৭।** | **নির্বাহী প্রকৌশলী (পুর) অথবা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা। (প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম মহোদয় কর্তৃক মনোনীত)।** | **সদস্য-সচিব** |

**কমিটির কার্যপরিধি:**

ক) নদী-খালের সংযোগ পুনঃ প্রতিষ্ঠা, বছরব্যাপী স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ, বর্ষায় অতিরিক্ত পানি দ্রুত নিষ্কাশন সক্ষমতা বৃদ্ধি, কৃষি-পরিবেশ-সেচ-মৎস্য উৎপাদন উন্নয়ন এবং প্রতিটি খালকে জলাধার হিসেবে রূপান্তরের সম্ভাব্যতা বিবেচনায় বাপাউবো'র সংশ্লিষ্ট জোনের মাঠ দপ্তরসমূহের প্রস্তাবিত খাল খনন/পুনঃখননের তালিকা চূড়ান্তকরণ;

খ) খাল খনন/পুনঃখননের কার্যক্রম নির্ধারণে প্রযোজ্য ক্ষেত্রে Nature-based Solution(Nbs) অন্তর্ভুক্ত করার বিষয়ে মতামত প্রদান;

গ) সময় ও গুরুত্ব বিবেচনায় খাল খনন/পুনঃখনন কার্যক্রম বাস্তবায়নে অগ্রাধিকার নির্ধারণ করে উচ্ছেদ বা ভূমি অধিগ্রহণের প্রয়োজন নেই এমন খাল প্রথম বছরে অন্তর্ভুক্ত করা এবং যেসব খালে উচ্ছেদ/অধিগ্রহণ প্রয়োজন সেগুলো পরবর্তী বছরগুলোতে ধাপে ধাপে বাস্তবায়নের বিষয়ে মতামত ও সুপারিশ প্রদান;

ঘ) বাপাউবো'র সংশ্লিষ্ট জোনের প্রতিটি বিভাগীয় দপ্তরের জন্য বর্ষওয়ারি খাল নির্বাচন পরিকল্পনাসহ পৃথক KMZ ফাইল প্রস্তুত করে খালের অবস্থান, দৈর্ঘ্য ও বাস্তবায়ন বছর স্পষ্টভাবে চিহ্নিত করা এবং উক্ত তথ্যভিত্তিক ডাটাবেজসহ প্রতি বছরের খাল খনন/পুনঃখনন পরিকল্পনা A3 সাইজে পৃথক মানচিত্র আকারে উপস্থাপন;

ঙ) খালসমূহ খনন/পুনঃখনন কাজের নকশা প্রণয়ন;

চ) শুষ্ক মৌসুমে পানির প্রাপ্যতা নিশ্চিত ও কৃষি-জীববৈচিত্র্য সহায়ক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে উপযুক্ত স্থানে হাম্প নির্মাণ (hump), longitudinal slope সমন্বয়, খালের অংশবিশেষ প্রশস্তকরণ-গভীরকরণসহ অন্যান্য ব্যবস্থায় পানি সংরক্ষণের সম্ভাব্যতা যাচাইকরণ;

ছ) "৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)" এর আওতায় সম্পাদিত সমীক্ষার সংশ্লিষ্ট জোনাল অংশ পর্যালোচনা করে প্রয়োজনীয় সংযোজন/ বিয়োজন/সমন্বয় সহ হালনাগাদকরণ;

জ) বিবিধ।


২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে (এক বা একাধিক) সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৩১১; তারিখ: ১৫-০৪-২০২৬ খ্রি. মোতাবেক গঠিত কারিগরি কমিটির নিকট দাখিল করবেন। উল্লেখ্য, উক্ত সময়ের মধ্যে বাপাউবো'র সংশ্লিষ্ট জোনের আওতাধীন প্রতিটি পানি উন্নয়ন বিভাগের (ডিভিশন) জন্য বিভাগওয়ারী পর্যায়ক্রমে রিপোর্ট দাখিল করতে হবে। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে উক্ত কমিটির নিকট প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল ৪, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ আহসান হাবীব, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল ৪, বাপাউবো, ঢাকা।
৩। জনাব উম্মে সালমা, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল ৪, বাপাউবো, ঢাকা।
৪। জনাব এম. মাহমুদুল হাসান, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-২ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মো. রুবেল হাসান, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। জনাব শাফাত হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), অতিঃ প্রধান প্রকৌশলী, দক্ষিন-পূর্বাঞ্চল এর দপ্তর, চট্টগ্রাম।
৭। নির্বাহী প্রকৌশলী (পুর) অথবা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা। (প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম মহোদয় কর্তৃক মনোনীত)।




১৫-০৪-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব )
ফোন : ০২২২২২৩০০৪০
ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৩২২/১ (৯)

তারিখ: ২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।

৫। প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা (অ. দা.), বাপাউবো, ঢাকা।
৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম (খালসমূহ খনন/পুনঃখনন কাজের নকশা প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় জরিপ উপাত্ত (survey data) কমিটির নিকট প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুর োধসহ)।
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ ) এবং
৯। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কারি গরি কমিটি।



১৫-০৪-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)